ইত্তেফাক

তারিখ ২২।৭।৮০
পৃষ্ঠা- ২ ৭

479

006

## জুনিয়র হাইস্কুলটিকে বাঁচান

নোয়াখালী জেলার সেনবাগ থানাধীন ৬নং কাবিলপুর ইউ-নিয়নের অন্তর্গত ইয়ারপুর গ্রামে ১৯৭৩ সালে স্থানীয় শিক্ষিত যুবক ও গ্রামবাসীদের প্রচেষ্টায় ইয়ারপুর জুনিয়র হাই স্কুল প্রতি-ষ্ঠিত হয়। ঐ বৎসরই স্কুলটি সর-কারী অনুমোদন লাভ করে। একজন অবসরপ্রাপ্ত ডি, ই, ও প্রথমতঃ প্রধান শিক্ষক নিযুক্ত হইলেও অল্পদিন পরই অবস্থার চাপে তাঁহাকে স্কুল ত্যাগ করিতে হয়। সেই হইতে দুই দুই-বার বি, এ পরীক্ষায় অনুত্তীর্ণ একজন শিক্ষক প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করিয়া আসিতে-ছেন। স্কুলে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক, কেরানী ও দপ্তরী নাই। কিন্তু বিগত ৮ বৎসর যাবৎ কেরানী, দপ্তরী এবং ভুয়া নামের শিক্ষকদের বেনিফিট এবং অন্যান্য বাৎসরিক সুবিধার অর্থ শিক্ষা বিভাগ হইতে উঠান হইয়াছে। স্থানীয় জনসাধারণের ইচ্ছা স্কুলটি হাইস্কুলে পরিণত হউক। কিন্তু অব্যবস্থার কারণে দিন দিন ছাত্রসংখ্যা হ্রাস পাইতেছে। কর্তৃপক্ষ সমীপে আবেদন, যথা-যথ তদন্ত করিয়া স্কুলটিকে অব্যব-স্থার কবল হইতে রক্ষা করা হউক।

—আবদুল আলী; গ্রাম—ইয়ারপুর, ডাকঘর—ছমির মুন্সীর হাট, সেনবাগ, নোয়াখালী।